



একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে
বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
যশোর
www.ecs.gov.bd

নং ১৭.০৫.৪১০০.০০০.৬৬.০০১.২৩.১৬৭

তারিখ : ২১ মার্চ ২০২৩ খ্রিঃ।

যশোর জেলার ইভিএম সংরক্ষণ করার জন্য গোড়াউন/বাড়ি ভাড়ার বিজ্ঞপ্তি

সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, যশোর এর ইভিএমসমূহ সংরক্ষণের জন্য অফিস সংলগ্ন (যশোর পৌরসভা এলাকা ও পৌরসভা বহির্ভূত সংলগ্ন এলাকায়) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ভাড়ার হারে ০৩ (তিন) বছরের চুক্তিতে (নবায়নযোগ্য) গোড়াউন/বাড়ি ভাড়ার জন্য গোড়াউন/বাড়ির মালিকগণের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র বিজ্ঞপ্তি জারির পর হতে আগ্রহী গোড়াউন/বাড়ির মালিকগণ আগামী ১২ এপ্রিল ২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকার মধ্যে সিনিয়র জেলা নির্বাচন অফিসার, যশোর এর অফিস কক্ষে রক্ষিত বাস্তব সিলমোহরকৃত খামে দরপত্র জমাদান করতে পারবেন এবং প্রাপ্ত দরপত্রসমূহ ১২ এপ্রিল ২০২৩ তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) গঠিত দরপত্র উন্মুক্তকরণ কমিটি কর্তৃক উন্মুক্ত করা হবে। বিস্তারিত বিবরণ সম্বলিত দরপত্র সিডিউল আগামী ১১ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত অফিস চম্বাকালীন (সকাল ৯:০০ হতে বিকাল ৩:৩০ ঘটিকা পর্যন্ত) সময়ে নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমাদানপূর্বক সিনিয়র জেলা নির্বাচন অফিস, যশোর হতে সংগ্রহ করা যাবে এবং বিস্তারিত নিয়মাবলি সিডিউলে উল্লেখ করা হয়েছে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

21/06/2023

(মোঃ আনিছুর রহমান)
সিনিয়র জেলা নির্বাচন অফিসার
যশোর
ফোনঃ ০২৪৭-৭৭৬২৪৫৯
Email: sdeojessore@gmail.com